
দৈনিক জনকণ্ঠ

DEC. 2 3

পৃষ্ঠা: 12 কলাম 7

29

# ড. সবদার আলী বুয়েট শিক্ষক সমিতির নয়া সভাপতি



বুয়েট রিপোর্টার ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর কেমিকৌশল বিভাগের অধ্যাপক ডঃ মোঃ সবদার আলী বুয়েট শিক্ষক সমিতির ২০০০ সালের কার্যনির্বাহী সংসদের সভাপতি নির্বাচিত হয়েছেন। সোমবার অনুষ্ঠিত নির্বাচনে পুরকৌশল বিভাগের ডঃ মোঃ আবদুর রউফকে পরাজিত করে ডঃ সবদার আলী সভাপতি নির্বাচিত হন। সাধারণ সম্পাদক পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন নৌযান ও নৌযন্ত্রকৌশল বিভাগের ডঃ মোঃ রিয়াজ হাসান খন্দকার।

সোমবার বুয়েট শিক্ষক সমিতির কার্যনির্বাহী সংসদের মোট ১৩টি পদের মধ্যে সভাপতি এবং যুগ্ম সম্পাদক, এ দু'টি পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। যুগ্ম সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন গণিত বিভাগের মোঃ মনিরুল ইসলাম সরকার। বুয়েট শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি ডঃ সবদার আলী তাঁর প্রতিক্রিয়ায় বলেন, 'আমি খুব খুশি।' তিনি আরও বলেন, 'আমার সম্মানিত সহকর্মীবৃন্দ আমাকে যে দায়িত্ব দিয়েছেন আমি তা যথাযথ পালনের চেষ্টা করব। নির্বাচনের ফলাফলে কোন রাজনৈতিক প্রভাব ছিল কিনা এমন প্রশ্নের উত্তরে ডঃ সবদার আলী বলেন, বুয়েট শিক্ষক সমিতির নির্বাচনে রাজনৈতিক পরিচয়ে কেউ কখনও নির্বাচিত হননি।' বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত অন্য সদস্যরা হলেন-- সহসভাপতি ডঃ নজরুল ইসলাম (রসায়ন), কোষাধ্যক্ষ সৈয়দ মিজানুর রহমান (পুরকৌশল), পত্রিকা সম্পাদক মোঃ কুতুব উদ্দীন (গণিত), প্রমোদ সম্পাদক মুহাম্মদ শাহ আলম (নৌযান ও নৌযন্ত্রকৌশল)। সদস্য পদে নির্বাচিত হয়েছেন অধ্যাপক ডঃ মোঃ জহুরুল ইসলাম (আইএফসিডিআর), ডঃ মোঃ আবদুর রাজ্জাক আকন্দ (যন্ত্রকৌশল), আবদুর রহিম (নৌযান ও নৌযন্ত্রকৌশল), ডঃ মোঃ আবদুল জলিল (পুরকৌশল), অধ্যাপক ডঃ মোঃ রফিকউল্লাহ (রসায়ন) এবং ডঃ মোঃ আবদুল মতিন (পানিসম্পদকৌশল)।

নবনির্বাচিত সদস্যগণ এ মাসের শেষ সপ্তাহে অথবা জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে দায়িত্ব গ্রহণ করবেন বলে জানা গেছে।